'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

মে/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৩৬ তম সভা)

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ ও সময় | ঃ ২৩/০৫/২০২২, বেলা- ১১:০০ ঘটিকা |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। এতে নিম্নরূপ সংশোধনীসহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সংশোধনী- (১) উপজেলা প্রকৌশলী, দিরাই বলেন- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র প্রকল্প বাছাই কমিটির ক্রমিক নং- ২৬ এ গৃহীত প্রকল্পটি হচ্ছে "রাজানগর ইউনিয়নের সিরিয়ারচর গ্রামের শীবতলা গাছের বাউন্ডারি ওয়াল, গেইট এবং পাকা ঘাট নির্মাণ" নামে লিখা হয়েছে। প্রকল্পটির বরাদ্দ ৩.৩০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন পদ্ধতি হচ্ছে পিআইসি। যা প্রকৃত পক্ষে হওয়ার কথা ছিল (ক) সিরারচর মহাদেব বাড়ির বাউন্ডারি ওয়াল ও গেইট নির্মাণ এবং (খ) সিরারচর মহাদেব বাড়ির বাউন্ডারি ওয়ালের ভিতর সিসি ঢালাই করন। উক্ত প্রকল্প দুটি বাস্তবায়নের পদ্ধতি এবং বরাদ্দ অপরিবর্তিত রেখে শুধুমাত্র নাম সংশোধনের জন্য অনুরোধ জানানো হয়। উপরোক্ত সংশোধনী বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব/সুপারিশ করা হয়; উপরোক্ত সংশোধনী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলেচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিগত সভার কার্যবিবরণীর উপরোক্ত সংশোধনী সহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(২) ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট অনুমোদন ঃ</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের খসড়া বাজেট সভায় উপস্থাপন করেন। তিনি বলেন ২০২২-২০২৩ অর্থ বছরে দিরাই উপজেলা পরিষদের রাজস্ব খাতে আয়- ৯৯,০০,০০০/- টাকা, রাজস্ব খাতে ব্যয়- ৮৯,৮৩,৩২৬/- টাকা এবং উন্নয়ন খাতে আয়- ২,০০,৮০,৫০০/- টাকা, উন্নয়ন খাতে ব্যয়- ২,০০,৮০,৫০০/- টাকা ধরে রাজেটের খসড়া প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত বাজেট অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনরোধ জানান। ২০২২-২০২৩ অর্থ বছরে দিরাই উপজেলা পরিষদের খসড়া বাজেট সম্পর্কে সভায় উপস্থিত সকল সদস্যগণ মতামত ব্যক্ত করেন। ২০২২-২০২২৩ অর্থ বছরে দিরাই উপজেলা পরিষদের বাজেট সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে দিরাই উপজেলা পরিষদের রাজস্ব খাতে আয়- ৯৯,০০,০০০/- টাকা, রাজস্ব খাতে ব্যয়- ৮৯,৮৩,৩২৬/- টাকা এবং উন্নয়ন খাতে আয়- ২,০০,৮০,৫০০/- টাকা, উন্নয়ন খাতে ব্যয়- ২,০০,৮০,৫০০/- টাকা ধরে প্রস্তুতকৃত বাজেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত বাজেটের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট- 'গ'।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(৩) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত এপ্রিল/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ :
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>পূর্ববর্তী মাসের জের</td><td>৩৪,০০,১২৮/১৮</td><td>১</td><td>চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মার্চ/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া</td><td>৯৯,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য</td><td>৪৩,৯৫০/-</td><td>২</td><td>অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের মার্চ/২০২২ মাসের বেতন</td><td>৩৭,৯৫০/-</td></tr>
<tr><td>৩</td><td>সাব-রেজিষ্ট্রার হতে ১%</td><td>৫,৪৫,৩০৪/৩৮</td><td>৩</td><td>উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের মার্চ/২০২২ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান</td><td>১,৭৫২/-</td></tr>
</table></td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ৪ | উপজেলা পরিষদের গাড়িচালকের মার্চ/২০২২ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৪৪৭/- |
| | | | ৫ | উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| | | | ৬ | উপজেলা পরিষদের মার্চ/২০২২মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| | | | ৭ | উপজেলা পরিষদের জানুয়ারি-ফেব্রুয়ারি/ ২০২২ মাসের জীপ গাড়ির জ্বালানী বিল প্রদান | ৩৪,৪৮০/- |
| | | | ৮ | রফিনগর ইউ/পির ছয় জন অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক অনুদান প্রদান | ৩০,০০০/- |
| | | | ৯ | উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| | | | ১০ | মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২২ উদ্‌যাপন ব্যয় বিল প্রদান | ১০,০০০/- |
| | | | ১১ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২২ উদ্‌যাপন ব্যয় বিল প্রদান | ৯৯,৯৬০/- |
| | | | ১২ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের এপ্রিল/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| | | | ১৩ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের এপ্রিল/২০২২ মাসের বেতন | ৩৩,০০০/- |
| | | | ১৪ | আনসার সদস্যদের গৃহ নির্মাণ কাজের চূড়ান্ত কিস্তির বিল প্রদান | ৪,৯৪,৮২৪/- |
| | | | ১৫ | উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত কাজের বিল প্রদান | ৩৫,০০০/- |
| | এপ্রিল/২২ মাসের আয়- | ৩৯,৮৯,৩৮২/৫৬ | | এপ্রিল/২২ মাসের মোট ব্যয়- | ১০,১৬,৪০৫/- |
| | সর্বমোট আয়- | ৩৯,৮৯,৩৮২/৫৬ | | সর্বমোট ব্যয়- | ১০,১৬,৪০৫/- |
| সমাপনী স্থিতি= ২৯,৭২,৯৭৭/৫৬ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বিগত এপ্রিল/২০২২ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই, তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান চলতি মৌসুমে বন্যায় দিরাই উপজেলার বিভিন্ন ইউনিয়নের মানুষ ও গবাদি পশুর ক্ষয়ক্ষতি হয়েছে। বন্যা পরবর্তী রোগবালাই যেমন- ডাইরিয়া, সর্দি-জ্বর ইত্যাদিতে মানুষ আক্রান্ত হয় বেশি। এই রোগীদের সেবা দেয়ার জন্য এবং পানি বিশুদ্ধ করন ট্যাবলেটসহ হাসপাতালের একটি মেডিক্যাল টিম | মেয়র, দিরাই পৌরসভা/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |

| | | |
|---|---|---|
| | প্রস্তুত রাখা হয়েছে। কোভিট-১৯ এর ২য় ডোজ ও বুষ্টার ডোজ এবং ভিটামিন এ ক্যাম্পেইন আগামী- ৭ জুন থেকে শুরু হবে। তা বহুল প্রচারের জন্য মাইকিং করা হবে; একইসাথে প্রতিটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ বিষয়টি বহুল প্রচারের জন্য নিজ নিজ ইউনিয়নে মাইকিং করানোর জন্য অনুরোধ জানান। হাসপাতালের বর্জ্য নির্দিষ্ট স্থান থেকে নিয়মিত অপসারনের জন্য মেয়র, দিরাই পৌরসভা'কে অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** কোভিট-১৯ এর ২য় ডোজ ও বুষ্টার ডোজ এবং ভিটামিন এ ক্যাম্পেইন প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। সেই সাথে হাসপাতালের বর্জ্য নির্দিষ্ট স্থান থেকে নিয়মিত অপসারনের জন্য মেয়র, দিরাই পৌরসভা'কে অনুরোধ জানানো হয়। | |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জানান চলতি মৌসুমে বন্যায় দিরাই উপজেলার বিভিন্ন ইউনিয়নের মৎস্য খামাড়িদের পুকুরের পাড় ডুবে পানি প্রবাহিত হয়ে পুকুরের বিভিন্ন ক্ষয়ক্ষতি হয়েছে। তাই ক্ষতিগ্রস্ত খামারিদের তালিকা প্রস্তুতের কাজ চলছে। দেশিয় মাছের পোনা সংরক্ষণে প্রয়োজনীয় সহযোগিতার হাত প্রসারিত করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** দেশিয় মাছের পোনা সংরক্ষণে সংশ্লিষ্ট সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা প্রাণিসম্পদ অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগাম বন্যার পরপর যে সমস্যাটি বেশি পরিলক্ষিত হয় তা হলো গবাদি পশুর ক্ষুরা রোগ সহ অন্যান্য রোগ বালাই। তাই বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান এবং আগামী সপ্তাহে উপজেলা প্রাণি সম্পদ অফিসের আওতায় গবাদি পশুকে ক্ষুরা রোগের ভ্যাক্সিন প্রদান করা হবে। উক্ত ভ্যাক্সিন কার্যক্রমে সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| প্রকল্প বাস্ত বায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন ক্যান্সার রোগিদের আর্থিক সহযোগিতার জন্য এই বছর অত্র উপজেলার ১০জন ক্যান্সার রোগিকে সরকার জন প্রতি ৫০.০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করবেন মর্মে পাওয়া গেছে, দ্রুত সময়ের মধ্যে তাদের আর্থিক অনুদানের চেক হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া উপজেলা সমাজসেবা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি মৌসুমে বোরো সংগ্রহ/২০২২ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই |

'শেখ হা...
গ্রাম শহরে...

| ক্রঃনং | পণ্য | দর | লক্ষমাত্রা (মে:টন) | এ পর্যন্ত অর্জন (মে:টন) |
|---|---|---|---|---|
| ০১ | ধান | ২৭/- | ৪,০৫৮.০০ | ৯৩.০০ |
| ০২ | সিদ্ধ চাল | ৪০/- | ২২৪.০০ | নাই |
| ০৩ | আতপ চাল | ৩৯/- | ১০১২.০০ | -- |

তিনি আরও জানান চলতি বছরে কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহের আবেদন প্রথম পর্যায়ের লটারি সম্পন্ন হয়েছে। ৪৩৫ জন কৃষকের মধ্যে লটারির মাধ্যমে প্রত্যেক কৃষককে ৩.০০ মে:টন করে মোট-১,৩০৫ মে:টন ধান বরাদ্দ দেয়া হয়েছে। এখনও কৃষকের অ্যাপ এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া চলমান রয়েছে। আগ্রহী কৃষকগণ অনলাইনের মাধ্যমে আবেদন করতে উপ-সহকারী কৃষি কর্মকর্তা, পৌরসভা/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা, খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও পৌরসভার বিশেষ ওমমএস খাতে চাল/আটা বিক্রয় বন্ধ আছে। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: প্রকৃত কৃষকগণ যাতে গুদামে ধান বিক্রি করতে পারেন সেই দিবে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানান।

| | | |
|---|---|---|
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা গেল না। চেয়ারম্যান, জগদল ইউ/পি বলেন তার ইউনিয়নে অবস্থিত সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুনগতমান খুবই খারাপ। শিক্ষকগণ যথা সময়ে বিদ্যালয়ে যান না। সকল শিক্ষকই দিরাই পৌর এলাকা থেকে জগদল ইউনিয়নরে বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে যাতায়ত করেন। বর্ষা মৌসুমে এই যাতায়ত ব্যবস্থা আরও খারাপ হয়ে যায়। কাজেই শিক্ষকগণ যেন তার বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকায় অবস্থান করে শিক্ষকতা করেন সেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেল শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। বিস্তরিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ শিক্ষকগণ যেন তার বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকায় অবস্থান করে শিক্ষকতা করেনসেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেল শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার. দিরাই |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমি শিক্ষা অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমব অফিসার, দিরা |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশ বিএডিসি (সেচ) দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উ অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় | উপজেলা পল্লী |

| | | |
|---|---|---|
| | আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্যউপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উন্নয়ন অফিসার, দিরাই |
| পল্লী সঞ্চয় ব্যাংক | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই সভায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন তাঁর অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাইকে অনুরোধ জানানো হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে আবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান উজান থেকে আসা পাহাড়ি ঢল এবং অতিবৃষ্টির কারনে সৃষ্ট আগাম বন্যার দরুন অত্র উপজেলার চাপতির হাওরে বোর ধান পানিতে তলিয়ে গেছে। বর্তমানে ক্ষতিগ্রস্ত কৃষকদের প্রনোদনার আওতায় আনার জন্য তালিকা প্রস্তুতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে জানান ধান শুকানোর মেশিন যাতে দিরাই উপজেলায় আনা যায় তাই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সেই সাথে ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা প্রনয়ণ করে তা মাননীয় সংসদ সদস্য সুনামগঞ্জ-২ সহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার,দিরাই। |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | (ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |

| ক্রং নং | কার্যক্রম | লক্ষমাত্রা (প্রতিমাসে) | অর্জিত লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | তথ্যকেন্দ্র ডোর টু ডোর এবং উঠান বৈঠক | ২০,০০০ জন | ২০,৯৪০ জন | কার্যক্রম চলমান<br>কার্যক্রম চলমান |

প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ

| ক্রং নং | স্বাস্থ্য সেবার প্রকারভেদ | মন্তব্য |
|---|---|---|
| ০১. | রক্তচাপ পরিমাপ | প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করায় ব্যঁঘাত ঘটে। |
| ০২. | রক্তে গ্লুকোজের পরিমাপ | |
| ০৩. | রক্তে অক্সিজেনের পরিমাপ | |
| ০৪. | শরীরের তাপমাত্রা পরিমাপ | |
| ০৫. | উচ্চতা পরিমাপ | |
| ০৬. | ওজন পরিমাপ | |

অন্যান্য সেবা সমূহ :

| | |
|---|---|
| ০১. | ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ। |
| ০২. | শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান। |
| ০৩. | গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা। |

**সিদ্ধান্ত ঃ** তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির কর্মপরিধি বৃদ্ধি করার জন্যঅনুরোধ করা হয়।

| | | |
|---|---|---|
| (৪) বিবিধ ঃ | (ক) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- ২০২১-২০২২ অর্থবছরের দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৬/২০২১-২০২২ (LTM) উপজেলা পরিষদের বাসাবাড়ি মেরামত কাজের ০৭টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্রের প্রেক্ষিতে বিগত ১৮/০৪/২০২২ তারিখে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপস্থিত ঠিকাদারগণের সম্মুখে দরপত্রের লটারী করা হয়। উক্ত লটারীতে বিজয়ী/নির্বাচিত ঠিকাদারগণের দরপত্র/তালিকা সভায় অনুমোদনের জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ |

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বাসাবাড়ি মেরামত কাজের লটারীতে বিজয়ী/নির্বাচিত ঠিকাদারগণের দরপত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদিত ঠিকাদারের তালিকা পরিশিষ্ট 'ঘ'। | উপজে<br>দিরাই |
| | (খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২১ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত ১০(দশ) মাসের ভ্রমন বিল বাবদ- ৬২,৫০০/- (বাষট্টি হাজার পাঁচশত) টাকার বিল দাখিল করেছেন। ভাইস চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২১ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত ১০(দশ) মাসের ভ্রমন বিল বাবদ- ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল দাখিল করেছেন এবং মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২১ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত ১০(দশ) মাসের ভ্রমন বিল বাবদ- ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) দাখিলকৃত ভ্রমন বিল সমূহ সভায় অনুমোদক্রমে রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর দাখিলকৃত ভ্রমণবিল সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>পরিষদ, দি<br>মুখ্য নির্বাহী<br>ও<br>উপজেলা<br>অফিসার, |
| | (গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সভায় জনাব জনাব মোঃ ফখরুল আমিন চৌধুরী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং জনাব নীথিশ বিশ্বাস, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দিরাই এর আবেদন দুটি সভায় পাঠ করে শুনান। আবেদন দুটি দৃষ্টে দেখাযায় তিনি বিগত ১৪/০৬/২০১২ তারিখে চাকুররিতে যোগদান করে অদ্যবধি সততা, নিষ্টা ও কর্তৃপক্ষের সন্তোষ্টির সাথে তাদের উপর অর্পিত সকল দায়িত্ব পালন করে আসছেন। আগামী- ১৩/০৬/২০২২ তারিখে তাদের চাকুরিকাল ১০(দশ) বছর পূর্ণ হবে। তাই ১০(দশ) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী উচ্চতর গ্রেড পাওয়ার জন্য ১২/০৫/২০২২ তারিখে আবেদন করেছেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫.২০১৫-৫৭০, তারিখ- ২৫ এপ্রিল, ২০১৬ এবং উপজেলা পরিষদ (কর্মচারী) চাকুরী বিধিমালা ২০১০ এর ৮ ধারা এর প্রদত্ত ক্ষমতাবলে আবেদনকারিদের চাকুরি সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেকে ১০(দশ)বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৭(১) নং অনুচ্ছেদ মোতাবেক গ্রেড নং- ১৪, বেতন স্কেল- ১০,২০০-২৪,৬৮০ টাকা হতে পরবর্তী উচ্চতর গ্রেড নং- ১৩, বেতন স্কেল- ১১,০০০-২৬,৫৯০ টাকা'তে উন্নিত করা এবং তা আগামী- ১৪/০৬/২০২২ তারিখ হতে উচ্চতর গ্রেড মঞ্জুর করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫.২০১৫-৫৭০, তারিখ- ২৫ এপ্রিল, ২০১৬ এবং উপজেলা পরিষদ (কর্মচারী) চাকুরী বিধিমালা ২০১০ এর ৮ ধারা এর প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ ফখরুল আমিন চৌধুরী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং জনাব নীথিশ বিশ্বাস, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দিরাই এর চাকুরি সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেকে ১০(দশ)বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৭(১) নং অনুচ্ছেদ মোতাবেক জনাব মোঃ ফখরুল আমিন চৌধুরী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর'কে গ্রেড নং- ১৪, বেতনস্কেল- ১০,২০০-২৪,৬৮০ টাকা হতে পরবর্তী উচ্চতর গ্রেড নং- ১৩, বেতন স্কেল- ১১,০০০-২৬৫৯০ টাকা'তে এবং জনাব নীথিশ বিশ্বাস, গাড়ি চালকে গ্রেড নং- ১৬, বেতনস্কেল- ৯,৩০০-২২,৪৯০ টাকা হতে পরবর্তী উচ্চতর গ্রেড নং- ১৫, বেতন স্কেল- ৯,৭০০-২৩,৪৯০ টাকা'তে উন্নিত করার এবং তা আগামী- ১৪/০৬/২০২২ তারিখ হতে তা কার্যকর করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যা<br>উপজেলা<br>দিরাই/<br>মুখ্য নির্ব<br>কর্মকর্তা<br>ও<br>উপজেল<br>অফিসা |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত করার জন্য সরেজমিন কুলঞ্জ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন, তাড়ল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন এবং চরনারচর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন পরিদর্শন করা হয়। পরিদর্শনের আলোকে পরিমাপ গ্রহণ করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। কুলঞ্জ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত প্রাক্কলিত মূল্য - ১০.০০ (দশ লক্ষ), তাড়ল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত প্রাক্কলিত মূল্য - ১০.০০ (দশ লক্ষ) এবং চরনারচর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত প্রাক্কলিত মূল্য - ১০.০০ (দশ লক্ষ) টাকা ধরা হয়েছে। তা অদ্যকার সভায় অনুমোদনক্রমে মন্ত্রণালয়ে বরাদ্দ পাওয়ার জন্য প্রেরণ করার প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** কুলঞ্জ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত প্রাক্কলিত মূল্য - ১০.০০ (দশ লক্ষ), তাড়ল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত প্রাক্কলিত মূল্য - ১০.০০ (দশ লক্ষ) এবং চরনারচর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত প্রাক্কলিত মূল্য - ১০.০০ (দশ লক্ষ) টাকা প্রস্তুতকৃত প্রাক্কলন সমূহ অনুমোদনক্রমে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়া<br>উপে<br>দিরা<br>মুখ্য<br>কর্ম<br>ও<br>উপ<br>অফি<br>উপ<br>প্রে |
| | (ঙ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান চলতি অর্থ বছরে উপজেলা পরিষদের মালিকানাধীন হাট-বাজার সমূহ ইজারা প্রদানের লক্ষ্যে বিগত ২৮/০৪/২০২২ তারিখের অনুষ্ঠিত | চে<br>পা |



'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি' -

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) |
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। মেয়র, দিরাই পৌরসভা<br>০৪। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই<br>০৫। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই<br>০৬। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই<br>০৭। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই<br>০৮। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ<br>০৩। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৪। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৫। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ<br>০৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০৯। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১০। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১৩। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>১৪। ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) |
| ০১। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০২। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই<br>০৩। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই<br>০৪। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই<br>০৫। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই<br>০৬। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৩। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৪। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৬। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই<br>০৭। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৮। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ<br>০৯। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |